গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
প্রোগ্রামার: আইসিটি শাখা

**বিষয়: সেবা প্রদান প্রতিশ্রুতি সম্পর্কিত পরিবীক্ষণ কমিটির সভার কার্যবিবরণী**

| | |
|---|---|
| সভাপতি | মোঃ রাহেদ হোসেন<br>পরিচালক |
| সভার তারিখ | ১৪ ফেব্রুয়ারি ২০২৩ |
| সভার সময় | দুপুর ১২:০০ টা |
| স্থান | সভাকক্ষ, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর |
| উপস্থিতি | পরিশিষ্ট ‘ক’ । |

সভার শুরুতে সভাপতি সভার সদস্যবৃন্দকে শুভেচ্ছা জানিয়ে কার্যসূচি অনুযায়ী আলোচ্য বিষয় উপস্থাপনের জন্য জনাব ইফতেখার উদ্দিন আহাম্মদ, প্রোগ্রামার-কে অনুরোধ করেন। সভায় শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি বাস্তবায়নের বিষয়ে কি কি কার্যক্রম বাস্তবায়ন করা হচ্ছে এবং সে সকল কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভাপতি বলেন, এ অধিদপ্তরের সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন চার্টার) হালনাগাদ করা প্রয়োজন। একই সাথে মাঠ পর্যায়ের সকল দপ্তরের সিটিজেন চার্টার হালনাগাদ করার জন্য তাগিদ প্রদান করা আবশ্যক। অতঃপর সভায় নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রম | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নে |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |
| ১ | [১.১] ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটি পুনর্গঠন | সভায় জানানো হয়, সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে শিক্ষা প্রকৌশল অধিদপ্তরের পরিবীক্ষণ কমিটি ৫ জানুয়ারি ২০২৩ তারিখে পুনঃগঠিত করা হয়েছে। | পুনর্গঠিত কমিটি সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করবেন এবং কর্মপরিকল্পনা বাস্তবায়ন করবেন। | ১) প্রোগ্রামার, আইসিটি শাখা<br>২) সহকারী প্রকৌশলী, মো: নূর নবী মোস্তফা |
| ২ | [১.২] ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি সংক্রান্ত পরিবীক্ষণ কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়ন | সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ের বার্ষিক কর্মপরিকল্পনার কার্যক্রমসমূহ যথাসময় বাস্তবায়নের বিষয় গুরুত্বারোপ করা হয়। প্রধান কার্যালয়ের, সার্কেল ও জেলা অফিসসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ এবং যে সকল কার্যালয়ে এখনো তৈরি করা হয়নি, সে সকল কার্যালয়কে এ বিষয়ে তাগিদ প্রদান বিষয়ে আলোচনা করা হয়। | ১.২.১) প্রধান কার্যালয়ের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদের জন্য একটি সভা ও একটি কর্মশালা আয়োজন করতে হবে।<br>১.২.২) সার্কেল ও জেলা পর্যায়ের অফিসসমূহের জন্য একটি নমুনা প্রস্তুত করে প্রেরণ করতে হবে। | ১) প্রোগ্রামার, আইসিটি শাখা<br>২) সহকারী প্রকৌশলী, মো: নূর নবী মোস্তফা |

| | | | | |
|---|---|---|---|---|
| ৩ | [১.৩] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ে আওতাধীন দপ্তর/ সংস্থার সমন্বয়ে ত্রৈমাসিক ভিত্তিতে সভা আয়োজন | বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী, ত্রৈমাসিক ভিত্তিতে ১টি করে মোট ৪টি সভা আয়োজন করতে হবে। ১ম ও ২য় কোয়ার্টারে ২টি সভা অনুষ্ঠিত হয়েছে। ৩য় কোয়ার্টারে সার্কেল ও জেলা অফিসসমূহ নিয়ে ভার্চুয়াল সভা আয়োজন করার বিষয়ে গুরুত্বারোপ করা হয়। | ২০/০৩/২০২৩ এর মধ্যে সার্কেল ও জেলা অফিসসমূহ নিয়ে ভার্চুয়াল সভা আয়োজন করতে হবে। | ১) পরিচালক (প্রশাসন ও অর্থ)<br>২) উপপরিচালক (প্রশাসন)<br>৩) প্রোগ্রামার, আইসিটি শাখা |
| ৪ | [১.৪] ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদকরণ (আওতাধীন দপ্তর/সংস্থাসহ) | ত্রৈমাসিক ভিত্তিতে সেবা প্রদান প্রতিশ্রুতিসমূহ হালনাগাদ, ওয়েবসাইটে প্রকাশ, দৃশ্যমান স্থানে প্রদর্শন এবং উর্ধ্বতন কার্যালয় বরাবর প্রেরণ করার বিষয়ে আলোচনা হয়।<br>হালনাগাদের ক্ষেত্রে সেবার সহজীকরণ, সেবা প্রদান পদ্ধতি, সেবার মূল্য, সেবা প্রদানের সময়সীমা এবং সেবা প্রদানকারী কর্মকর্তার নাম, পদবি ও ফোন/মোবাইল/ই-মেইল ঠিকানা প্রদানের বিষয়গুলো স্পষ্টীকরণ করে হালনাগাদ করতে হবে। | ১৫/০৩/২০২৩ তারিখের মধ্যে সার্কেল ও জেলা অফিসসমূহের সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ করে এ কার্যালয়কে অবহিত করার জন্য পত্র প্রদান করতে হবে। | ১) প্রোগ্রামার, আইসিটি শাখা<br>২) সহকারী প্রকৌশলী, মো: নূর নবী মোস্তফা |
| ৫ | [২.১] সেবা প্রদান প্রতিশ্রুতি বিষয়ক কর্মশালা/প্রশিক্ষণ/ সেমিনার আয়োজন | বার্ষিক কর্মপরিকল্পনা অনুযায়ী, সেবা প্রদান সংক্রান্ত দক্ষতা বৃদ্ধি এবং সেবা প্রদান প্রতিশ্রুতি হালনাগাদ ও বাস্তবায়ন এবং সংশ্লিষ্ট আইন বিধি-বিধান বিষয়ে ২টি প্রশিক্ষণ/সেমিনার/কর্মশালা আয়োজন করতে হবে মর্মে প্রোগ্রামার সভাকে অবহিত করেন।<br>ইতোমধ্যে ২য় কোয়ার্টারে ১টি কর্মশালা আয়োজন করা হয়েছে। ৩য় কোয়ার্টারে ১টি কর্মশালা আয়োজন করা যেতে পারে। | ১০/০৩/২০২৩ তারিখের মধ্যে কর্মশালা আয়োজন করতে হবে। | ১) পরিচালক (প্রশাসন ও অর্থ)<br>২) উপপরিচালক (প্রশাসন)<br>৩) প্রোগ্রামার, আইসিটি শাখা |
| ৬ | [২.২] সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডার সমন্বয়ে অবহিতকরণ সভা আয়োজন | সেবা প্রদান বিষয়ে স্টেকহোল্ডার, আভ্যন্তরীণ/দাপ্তরিক/নাগরিক সেবা গ্রহণকারী ব্যক্তি, প্রতিষ্ঠান এবং আওতাধীন কার্যালয়ের কর্মকর্তা-কর্মচারীগণের সমন্বয়ে ২টি সভা আয়োজন করতে হবে মর্মে প্রোগ্রামার সভাকে অবহিত করেন।<br>কার্যক্রম শতভাগ অর্জিত না হলে গাণিতিকহারে নম্বর কর্তন করা হবে। ২য় ত্রৈমাসিকে এ বিষয়ে ১টি সভা আয়োজন করা হয়েছে। আরেকটি সভা ৪র্থ ত্রৈমাসিকে বাস্তবায়ন করা যেতে পারে। | ৪র্থ কোয়ার্টারে একটি সভা আয়োজন করার সিদ্ধান্ত গৃহীত হয়। | ১) প্রোগ্রামার, আইসিটি শাখা<br>২) সহকারী প্রকৌশলী, মো: নূর নবী মোস্তফা |

২.০ আর কোন আলোচনা না থাকায় সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

মোঃ রাহেদ হোসেন
পরিচালক

স্মারক নম্বর: ৩৭.০৭.০০০০.০১৯.৩২.০১৩.২২.৩০

তারিখ: ১৪ ফাল্গুন ১৪২৯
২৭ ফেব্রুয়ারি ২০২৩

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১) অতিরিক্ত সচিব , প্রশাসন ও অর্থ অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
২) অতিরিক্ত সচিব , উন্নয়ন অনুবিভাগ, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৩) সচিব এর একান্ত সচিব, সচিবের দপ্তর, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৪) উপসচিব (অতিরিক্ত দায়িত্ব), বার্ষিক কর্মসম্পাদন, সেবা উন্নয়ন ও উদ্ভাবন শাখা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
৫) পিএ টু পরিচালক, পরিচালক, প্রশাসন ও অর্থ: অধিশাখা-৫, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
৬) তত্ত্বাবধায়ক প্রকৌশলী, প্রধান প্রকৌশলী/সার্কেল, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
৭) উপপরিচালক (প্রশাসন), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
৮) নির্বাহী প্রকৌশলী, ডেস্ক-১/২/৩/৪, ডিজাইন/বিদ্যুৎ,), শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
৯) প্রোগ্রামার, প্রোগ্রামার: আইসিটি শাখা, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
১০) উপপরিচালক (অতিরিক্ত দায়িত্ব), উপপরিচালক, অর্থ: অধিশাখা-৭, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
১১) সহকারী প্রকৌশলী, পুর/যান্ত্রিক/বিদ্যুৎ, উপসহকারী স্থপতি.ড্রাফটসম্যান, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
১২) প্রধান প্রকৌশলীর স্টাফ অফিসার, প্রধান প্রকৌশলী-এর দপ্তর, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
১৩) হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব শাখা, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
১৪) প্রশাসনিক কর্মকর্তা, প্রশাসন শাখা, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর
১৫) জনাব.........................................
১৬) পিএ টু প্রধান প্রকৌশলী, শিক্ষা প্রকৌশল অধিদপ্তর (মহোদয়ের জ্ঞাতার্থে)

(ইফতেখার উদ্দিন আহাম্মদ)
প্রোগ্রামার